যুগান্তর

DEC. 22 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ২ কলাম ...

ভর্তিযুদ্ধ

# ঢাকার ২৪ সরকারী স্কুলে আজ থেকে ফরম বিতরণ শুরু

স্টাফ রিপোর্টার ॥ রাজধানীর অভিজাত বেসরকারী স্কুলে ভর্তি প্রক্রিয়া শেষ হতে চললেও সরকারী ২৪টি স্কুলে আজ শনিবার থেকে একযোগে ভর্তি ফরম বিতরণ শুরু হচ্ছে। তিন গ্রুপে ভাগ করে এই ২৪টি সরকারী স্কুলে ভর্তিপরীক্ষা নেয়া হবে। পরীক্ষা হবে আগামী ৮.

(২- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## ঢাকার ২৪ সরকারী

(প্রথম পাতার পর)

১০ ও ১২ জানুয়ারি। কেন্দ্রীয়ভাবে প্রশ্নপত্র প্রস্তুত ও উত্তরপত্র মূল্যায়ন করা হবে। এসব স্কুলে ভর্তির ফরম পঞ্চাশ টাকার বিনিময়ে ২২ ডিসেম্বর থেকে ৫ জানুয়ারি পর্যন্ত সংগ্রহ করা ও জমা দেয়া যাবে। আজ শনিবার মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরে প্রধান শিক্ষকদের নিয়ে ওয়ার্কিং কমিটির সভায় এই ২৪টি সরকারী স্কুলের ভর্তি সম্পর্কিত যাবতীয় বিষয় চূড়ান্ত করে বিস্তারিত তথ্য অচিরেই পত্রপত্রিকায় বিজ্ঞাপন আকারে প্রকাশ করা হবে।

এদিকে রাজধানীর ২৪টি স্কুলকে তিনটি গ্রুপে ভাগ করে প্রতি গ্রুপে আটটি স্কুল নির্বাচন করা হয়েছে। 'এ' গ্রুপের আটটি স্কুল হচ্ছে– গবর্নমেন্ট ল্যাবরেটরি স্কুল, মিরপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারী